

২০। প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রিন্সিপাল একাউন্টিং অফিসার এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার দায়িত্বসমূহ

- (১) হিসাব ও নিরীক্ষা ব্যবস্থার বিকেন্দ্রীকরণ এবং প্রতিটি মন্ত্রণালয়ের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় প্রতিষ্ঠার পর উন্নয়ন বাজেটের অর্থ ব্যয় ও ব্যবহারে আর্থিক শৃংখলা বিষয়ক নীতি, বিধি-বিধান এবং নিয়মকানুন অনুসরণ নিশ্চিত করণে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা দায়িত্ব প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব তথা প্রিন্সিপাল একাউন্টিং অফিসারকে সার্বিক সহায়তা প্রদান করবেন।
- (২) এই স্মারকের বিভিন্ন শর্তাদি/পদ্ধতি পালনের প্রত্যক্ষ দায়িত্ব অর্থ অবমুক্তি এবং কর্তৃত্ব প্রদানে প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রিন্সিপাল একাউন্টিং অফিসার এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার বিধায় এর সাথে অসংগতিপূর্ণ কোন ব্যয় সম্পাদন অথবা ব্যয়ের অনুমতি প্রদান, যথাসতর্কতা অবলম্বন করতে হবে।
- (৩) এই স্মারকে বর্ণিত শর্তাদি/পদ্ধতির কোনরূপ রহিতকরণ/শিথিলতার প্রয়োজনীয়তা অনুভূত হলে তার যৌক্তিকতাসহ অবশ্যই অর্থ বিভাগের (উন্নয়ন অনুবিভাগ) সম্মতি গ্রহণ করতে হবে এবং এরূপ রহিতকরণ/শিথিলকরণে অর্থ বিভাগের (উন্নয়ন অনুবিভাগ) সম্মতিপত্রের ভিত্তিতে জারীকৃত সরকারী আদেশ ব্যতীত প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কোনক্রমেই অর্থ প্রদান করতে পারবেন না।
- (৪) সরকারী অফিস, অধিদপ্তর এবং পরিদপ্তরের আওতাধীন প্রকল্পসমূহের ক্ষেত্রে প্রকৃত খরচের পর বিল ভাউচারের ভিত্তিতে অর্থ পরিশোধ করতে হবে। অর্থ বিভাগ কর্তৃক ২২/১২/২০০৪ তারিখে জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত আদেশের ক্রমিক নং ৩৬ এ বর্ণিত ক্ষেত্রে ব্যতীত অন্যান্য ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব অনুমোদন ব্যতীত কোন অগ্রিম অর্থ পরিশোধ করা যাবে না। সংলগ্নী-২৪ ও ৩০ অনুসারে ও অন্যান্য যথাযথ নিয়ম পদ্ধতি অনুসরণ পূর্বক অর্থ উত্তোলন ও ব্যয় নিশ্চিত করতে হবে।
- (৫) অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা অনুযায়ী কোন ক্ষেত্রে ব্যবস্থা গৃহীত না হয়ে থাকলে ও সংশ্লিষ্ট বিবরণী যথাসময়ে পাওয়া না গেলে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা উহা অর্থ বিভাগ এবং প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করবেন।
- (৬) যে সকল ক্ষেত্রে সরকারী আদেশ অর্থ বিভাগের পূর্ব অনুমোদনক্রমে জারীর আবশ্যিকতা রয়েছে সে সকল ক্ষেত্রে অর্থ বিভাগের সম্মতিপত্রের ভিত্তিতে জারীকৃত সরকারী আদেশ ব্যতীত কোন অর্থ অবমুক্তি/ব্যবস্থাদি গ্রহণ করা যাবে না।
- (৭) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা প্রকল্পের জিওবি এবং আরপিএ অংশের (সরকারের মাধ্যমে) অর্থ অবমুক্তি, খরচ ও পুনর্ভরণের ত্রৈমাসিক হিসাব সংলগ্নী-৫ ও ৯ (যে অংশ প্রযোজ্য) অনুসারে অর্থ বিভাগ, প্রকল্প পরিচালক এবং প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। অর্থ বছর শেষে সংলগ্নী-১৭ অনুযায়ী রিকনসিলিয়েশন প্রতিবেদন অর্থ বিভাগে দাখিল করবে।
- (৮) প্রকল্প পরিচালনকরণ কর্তৃক সরাসরি প্রাপ্ত বৈদেশিক সাহায্য, সেফ/কোনটাসা/ইমপ্রেস্ট/ডসা পদ্ধতির মাধ্যমে অর্থ উত্তোলন, ব্যয় ও পুনর্ভরণ সংক্রান্ত হিসাব/তথ্য নিয়মিত প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে প্রিন্সিপাল একাউন্টিং অফিসার মন্ত্রণালয়ের অধিনস্থ সকল প্রকল্প পরিচালককে নির্দেশদান, মাসিক প্রকল্প পর্যালোচনা সভায় উহার পালন পরিবীক্ষণ, এবং সংলগ্নী-১১ অনুসারে সমন্বয় আদেশ জারী নিশ্চিত করবেন। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা প্রকল্প সাহায্যের হিসাব/তথ্য তাঁর অফিসে নিয়মিত পৌঁছাতে ব্যর্থ প্রকল্প পরিচালকদের নামের তালিকা প্রিন্সিপাল একাউন্টিং অফিসার এবং অর্থ বিভাগকে অবহিত রাখবেন। প্রয়োজনবোধে এ সব প্রকল্পের জিওবি অংশের অর্থ অবমুক্তির সাথে উপরোক্ত তথ্য প্রদানের শর্তারোপ ও তার পালন অনুসরণ করা যেতে পারে।